গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা ঃ ২২ (উন্নয়ন-৩)

নং- শিম/শাঃ২২/১-২/২০১১/১৪৪

তারিখ ঃ ১১ ফাল্গুন ১৪১৮ / ২৩ ফেব্রুয়ারি ২০১২

প্রজ্ঞাপন

সংস্থাপন মন্ত্রণালয়ের ২১ আগস্ট ১৯৯৭ তারিখের সম/সওব্য/টিম-৪(২)-উঃপ্রঃনিঃ/৪৭/৯৭/১৮৮ সংখ্যক প্রজ্ঞাপন এবং অর্থ বিভাগের ০৩ জুলাই ১৯৯৭ তারিখের অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬-৩২০ সংখ্যক স্মারক মোতাবেক সিলেকশন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদের **'প্রোগ্রামার'** পদে ৮ ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০/- বেতনক্রমের বিপরীতে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদ কালের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (SESDP)-এ বর্ণিত শর্তে নিয়োগ করা হলো ঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১)	মো: হারিছ সরকার পিতা: মো: আব্দুল মজিদ সরকার মাতা : মোছাঃ মাজেদা বেগম সেক্টর নং-১১, রোড নং-৪ বাড়ী নং-২৯, উত্তরা, ঢাকা-১২৩০।	সেক্টর নং-১১, রোড নং-৪, বাড়ী নং-২৯, উত্তরা, ঢাকা-১২৩০।	উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
২)	মুনতাসীম মুনিম পিতা:মো: ফরিদুল আলম মাতা : আফরোজা বেগম জব্বার মিয়া সড়ক, বরিশাল।	ফ্ল্যাট নং-বি-১, হাউজ নং-৭১ ও ৭৩ রোড নং-১৬, সেক্টর-১১, উত্তরা, ঢাকা-১২৩০।	উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর
৩)	তাপস কুমার সাহা পিতা: তপন কুমার সাহা মাতা : সংগীতা সাহা ২৯, লয়েল ট্যাংক রোড, নারায়ণগঞ্জ।	২৯, লয়েল ট্যাংক রোড, নারায়ণগঞ্জ।	উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম

০২। নিয়োগের শর্তাবলী ঃ

ক) প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন এবং প্রকল্প মেয়াদান্তে তাঁরা চাকুরি থেকে অব্যাহতি প্রাপ্ত হবেন মর্মে গণ্য হবেন। এর জন্য প্রকল্প মেয়াদান্তে আলাদা কোন ছাড়পত্র ইস্যু করা হবে না ;

খ) চাকুরিকালীন সময়ে চাকুরি সংক্রান্ত বিদ্যমান প্রবিধানিক ব্যবস্থা অনুযায়ী আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;

গ) প্রকল্প পরিচালক একই প্রকল্পের আওতায় যে কোন স্থানে বদলি করতে পারবেন;

ঘ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশে এ নিয়োগ বাতিল করতে পারবেন;

ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন ফেরৎ প্রদান সাপেক্ষে চাকুরি থেকে অব্যাহতি গ্রহণ করতে পারবেন, তবে অব্যাহতি গ্রহণের পূর্বে যাবতীয় সরকারি পাওনা পরিশোধ করতে হবে;

চ) নিয়োগ পত্রে উল্লেখ করা হয়নি এমন বিষয়ে প্রকল্পে নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকবেন;

ছ) যোগদান পত্রের সাথে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র পেশ করতে হবে;

জ) চাকুরিতে যোগদানের ০৬ (ছয়) মাসের মধ্যে পুলিশী প্রত্যয়ন পত্র সংগ্রহ করা হবে। পুলিশী প্রত্যয়ন পত্রে কোন বিরূপ মন্তব্য থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরি হতে সরাসরি অব্যাহতি দেয়া হবে; এবং

ঝ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

০৩। উল্লিখিত শর্তাদির আলোকে চাকুরিতে যোগদানে সম্মত থাকলে এতদসঙ্গে সংযুক্ত অঙ্গীকার নামায় স্বাক্ষরসহ আগামী ০৮ মার্চ ২০১২ তারিখে 'প্রকল্প পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (SESDP). মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক, ৬ষ্ঠ তলা, রুম নং-৬০১), ঢাকা'-এ তাঁকে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তাঁর বা তাঁদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-২

০৪। প্রকল্প কার্যালয়ে যোগদানের পর নায়েম, ঢাকায় অনুষ্ঠেয় ১০ মার্চ ২০১২ তারিখ থেকে ০৮ (আট) দিনব্যাপী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁরা তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে যোগদান করবেন।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

আদেশক্রমে,

স্বাক্ষরিত/=
২৩/০২/২০১২
(মোঃ মজিবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৯৩৯৮
sas_dev3@moedu.gov.bd

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার অনুরোধ করা হলো)

নং- শিম/শাঃ২২/১-২/২০১১/১৪৪

তারিখ ঃ ১১ ফাল্গুন ১৪১৮ / ২৩ ফেব্রুয়ারি ২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান (শিক্ষা উইং), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (SESDP), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৫। পুলিশ সুপার, জেলা ঃ ....।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৮। সিভিল সার্জন, জেলা ঃ ....।
৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ... অঞ্চল, ...।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা ঃ ...., জেলা ঃ ....।
১১। জেলা শিক্ষা অফিসার, জেলা ঃ ....।
১২। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা ঃ ...., জেলা ঃ ....।
১৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪। জনাব/বেগম ....

২৩/০২/১২
(মোঃ মজিবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

অঙ্গীকার নামা

এ মর্মে অঙ্গীকার করছি যে, আমি...

পিতা/স্বামীঃ...মাতাঃ..

স্থায়ী ঠিকানাঃ ....

....আমার

উপরোক্ত ঠিকানা যথাযথ সত্য এবং আমার কোন ঠিকানা গোপন করিনি এবং মিথ্যা কোন ঠিকানা/তথ্য বা সনদপত্র চাকুরির ক্ষেত্রে ব্যবহার করিনি। শিক্ষা মন্ত্রণালয়ের ২৩ ফেব্রুয়ারি ২০১২ তারিখের শিম/শাঃ২২/১-২/২০১১/১৪৪ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (SESDP)-এর আওতায় প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে পালনের অঙ্গীকার করছি। তদানুযায়ী অদ্য .... তারিখে .... পদে যোগদান করলাম।

____

নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর